

বঙ্গভবন ১৫ মে ২০২৩:

ফুটেজ:

১. <https://we.tl/t-g৩dHsZg০U১>

২. <https://we.tl/t-MyKtw৳১Cva>

চার দিনের সফরে নিজ জেলা পাবনায় গেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন।

সকালে ঢাকা থেকে হেলিকপ্টারযোগে তিনি পাবনায় পৌঁছান। রাষ্ট্রপতি হিসেবে শপথ নেওয়ার পর আজই প্রথম নিজ জেলা পাবনায় গেলেন রাষ্ট্রপতি।

পাবনা জেলা স্টেডিয়ামে পৌঁছালে ডেপুটি স্পিকার শামসুল হক টুকু, পাবনা নাগরিক সমাজের আহ্বায়ক অঞ্জন চৌধুরী পিন্টু, স্থানীয় সংসদ সদস্য গোলাম ফারুক প্রিন্স, আহমেদ ফিরোজ কবির, নাদিরা ইয়াসমিন জলি এবং রাজনৈতিক নেতৃবৃন্দসহ পদস্থ কর্মকর্তাগণ পাবনার কৃতি সন্তান বীর মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে স্বাগত জানান।

রাষ্ট্রপতির সহধর্মিনী ড. রেবেকা সুলতানা ও তার পরিবারের সদস্যগণ এ সময় তার সাথে ছিলেন।

পাবনা জেলা সার্কিট হাউজে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে গার্ড অব প্রদান করা হয়।

দুপুরে পাবনা জেলা পরিষদ প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে মহান এ নেতার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।

পরে, রাষ্ট্রপতি বঙ্গবন্ধু চত্বরের ভিত্তি ফলক উন্মোচন করেন। এসময় বিশেষ মোনাজাত করা হয়।

এরপর রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন আরিফপুরে পাবনা সদর কবরস্থানে তার মা-বাবার কবর জিয়ারত করেন। এসময় রাষ্ট্রপতির মা-বাবা সহ সকল কবর বাসীর আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

পরে, রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন স্কয়ার বাগানবাড়ির পারিবারিক সমাধিস্থলে স্কয়ার গুপের প্রতিষ্ঠাতা স্যামসন চৌধুরী ও তার সহধর্মিনীর সমাধিতে ফুলের পাপড়ি ছিটান এবং তাদের বিদেহী আত্মার শান্তি করেন।